

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৫, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/০৪ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ২৯৮-আইন/২০১০। স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ৮৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল, ২০১৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-
উপরি-উক্ত আদর্শ কর তফসিলের দফা ৪ এর উপ-দফা (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (১) প্রতিস্থাপিত হইবে, যথা:----
"(১) স্থাবর সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে প্রতিটি হস্তান্তর দলিলে উল্লিখিত স্থাবর সম্পত্তির মূল্যের সর্বোচ্চ ২% হারে স্থাবর সম্পত্তি হস্তান্তর কর আরোপ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রে কোম্পানি হইতে কোম্পানির স্থাবর সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে সম্পত্তির মূল্যের ১% হারে স্থাবর সম্পত্তি হস্তান্তর কর আরোপ করা যাইবে।"

(২) এই প্রজ্ঞাপন ১ ডিসেম্বর, ২০২০ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব।

মোহাম্মাদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১১৩২৫)

মূল্য: টাকা ৪.০০